দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 16 SEPTEMBER 2025 ,TUESDAY|১৬ সেপ্টেম্বর ২০২৫ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-395

## শিলিগুড়ি পৌর নিগমের চব্বিশ নম্বর ওয়ার্ডে পাকা রাস্তার নির্মান কাজের সূচনা করলেন মেয়র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৫ সেপ্টেম্বর : শিলিগুড়ি পৌর নিগমের চব্বিশ নম্বর ওয়ার্ডে গ্রামীন ব্যাংক রোড ও তরুন তীর্থ খেলার মাঠের পাশে পাকা রাস্তার নির্মান কাজের সূচনা করেন শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব। সোমবার এই কাজের সূচনা করে মেয়র জানান রাস্তা নির্মান কাজের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর পচাত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশ চুয়াল্লিশ টাকা মঞ্জুর করেছে। এই টাকায় রাস্তা নির্মিত হবে। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার সহ অন্যান্যরা।

## দিনহাটার বামনহাটে ডেঙ্গুর প্রকোপ, উদ্বিগ্ন স্বাস্থ্য দপ্তর



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৫ সেপ্টেম্বর : কোচবিহার জেলার দিনহাটা দুই নম্বর ব্লকের অন্তর্গত বামনহাট এক নম্বর গ্রাম পঞ্চায়েতের বাতাসুরকুঠি গ্রামে বাড়ছে ডেঙ্গুর প্রকোপ। জানা গেছে এ পর্যন্ত এই গ্রামে সাত জন ডেঙ্গু আক্রান্তের সন্ধান মিলেছে। দিন দিন বেড়ে চলেছে জ্বরে আক্রান্ত রুগীর সংখ্যা। প্রতিদিন স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে ভীড় জমাচ্ছেন জ্বরে আক্রান্তরা। সোমবার ও স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে সাতাশ জন জ্বরে আক্রান্তের রক্তের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট পেলেই জানা যাবে এদের মধ্যে কতজন ডেঙ্গুতে আক্রান্ত। ডেঙ্গুর প্রকোপ রুখতে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে গ্রামাঞ্চলে প্রতিদিন আয়োজিত হচ্ছে ডেঙ্গু সচেতনতা ও স্বাস্থ্য শিবির। নিয়মিত স্বাস্থ্য কর্মীরা গ্রামে ঘুরে ঘুরে জমা জলের উৎসগুলির খোঁজ করছেন ও সেগুলি নষ্ট করছেন। বাড়ি বাড়ি স্প্রে করা হচ্ছে ডিডিটি। পরিস্থিতি খতিয়ে দেখতে সোমবার এলাকায় আসেন জেলা উপ মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও স্বাস্থ্য দপ্তরের টিম। উপ মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান ডেঙ্গু দমনের কাজ কতটা ফলপ্রসু হচ্ছে তা খতিয়ে দেখতে এই পরিদর্শন। পাশাপাশি তিনি আরও জানান পরিস্থিতির উপর কঠোর নজর রাখছেন স্বাস্থ্য কর্মীরা যাতে ডেঙ্গুর প্রকোপ বাড়তে না পারে।

## বীমা কোম্পানীর নাম করে সাতাশি লক্ষ টাকা প্রতারনার অভিযোগে অভিযুক্তকে উত্তর চব্বিশ পরগনা থেকে গ্রেপ্তার করলো পুলিশ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৫ সেপ্টেম্বর : সাইবার প্রতারনা মামলায় উত্তর চব্বিশ পরগনার মোহনপুর থেকে এক যুবককে গ্রেপ্তার করলো কোচবিহার জেলা পুলিশের সাইবার ক্রাইম থানার পুলিশ। এ বিষয়ে সোমবার সাংবাদিক সম্মেলন করে জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান ২০২২ কোচবিহার জেলার দিনহাটার এক ব্যক্তির থেকে বিভিন্ন বীমা কোম্পানীর নাম করে তিন লক্ষ বাহান্ন হাজার টাকা ও ২০২৪ সালে দিনহাটার আরেক ব্যক্তির থেকে সাতাশ লক্ষ টাকা প্রতারনা করে। প্রতারিতদের অভিযোগের ভিত্তিতে সাইবার ক্রাইম থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করে সাইবার প্রতারকের সন্ধান পায় ও উত্তর চব্বিশ পরগনা থেকে তাকে গ্রেপ্তার করে কোচবিহারে নিয়ে আসে। ধৃতের নাম সঞ্জয় কুমার ধর। অভিযুক্ত প্রতারকের আধার কার্ড, ব্যাংক একাউন্ট প্রতারনার কাজে ব্যবহার হয়েছে বলে জানতে পেরেছে পুলিশ। সোমবার প্রতারককে সদর আদালতে পেশ করে পুলিশ রিমান্ডের আবেদন জানায়। আদালত পাঁচ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করে। পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য আরও জানান অভিযুক্ত প্রতারক দুটি সাইবার প্রতারণা মামলায় অভিযুক্ত। তাকে পুলিশ হেফাজতে জিজ্ঞাসাবাদ করে আরো তথ্য জানার চেষ্টা করছে পুলিশ।

## বনছায়া গ্রামে এক দিবসীয় কৃষক প্রশিক্ষন ও উন্নত সংকর প্রজাতির বীজ বিতরন শিবির



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৫ সেপ্টেম্বর : পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরন ও উদ্যান পালন বিভাগ আলিপুরদুয়ার জেলা শাখার উদ্যোগে সোমবার কালচিনি ব্লকের বনছায়া গ্রামে আয়োজিত হয় এক দিবসীয় কৃষক প্রশিক্ষন ও উন্নত সংকর প্রজাতির বীজ বিতরন শিবির। উল্লেখ্য ২০২৪ সালের মার্চ এপ্রিল মাস নাগাদ বক্সা ব্যাঘ্র প্রকল্পের কোর এরিয়ায় থাকা গাঙ্গুটিয়া ও ভুটিয়া বন বস্তি তুলে দেওয়া হয় ও সেখানকার বাসিন্দাদের কালচিনি ব্লকের এই স্থানে পুনর্বাসন দেওয়া হয়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নতুন এই বস্তির নামকরন করেন বনছায়া। তারপর থেকেই বনছায়া গ্রামের সার্বিক উন্নয়নের পাশাপাশি কৃষির উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহন করা হয়েছে। তারই অঙ্গ হিসাবে এদিনের এই প্রশিক্ষন কর্মসূচি বলে জানান উদ্যোক্তারা। শিবিরে কিচেন গার্ডেন তৈরি, মাশরুম চাষ, মৌমাছি পালন, উন্নত প্রথায় উচ্চ ফলনশীল সংকর প্রজাতির বীজ বপন করে অধিক ফসল ফলানোর কৌশল সম্পর্কেও প্রশিক্ষন দানের পাশাপাশি গ্রামবাসীদের মধ্যে বিতরন করা হয় উচ্চ ফলনশীল সংকর প্রজাতির বীজ ও চারা।

# আগুন নিভাতে গিয়ে জলের জন্য আটকে রইল দমকল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : জল নিয়ে আগুন নেভাতে যাওয়ার পথে জলের জন্যই আটকে গেল দমকল। মুদি দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ড। কিন্ত বাঙরি নদীতে হরপা বানের দরুন আটকে গেল দমকলের ইঞ্জিন। ঘটনাটি ঘটেছে রবিবার রাতে আলিপুরদুয়ার জেলার মাদারিহাট জামতলা এলাকায়। রাত আনুমানিক বারোটা নাগাদ জামতলা এলাকায় দীপক সুরির মুদির দোকানে অগ্নিকাণ্ড ঘটে। এলাকার বাসিন্দারা দমকল কেন্দ্রে খবর দেয় । বীরপাড়া থেকে দমকলের একটি ইঞ্জিন আসে কিন্ত ঐ সময় জামতলা এলাকায় বাঙরি নদীতে হরপা বান হয় আর এর দরুন নদীর ওপারে আটকে পড়ে দমকলের ইঞ্জিন। ভুটান পাহাড়ে প্রবল বৃষ্টির দরুন বাঙরি নদীতে হরপা বান চলে আসে। কিছুক্ষণ আটকে থাকে দমকল ইঞ্জিন পরবর্তীতে দমকল ইঞ্জিন ওপারে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও দমকল আসার আগে এলাকার বাসিন্দারা আগুন অনেকটাই আয়ত্তে নিয়ে আসেন।

# নোনাই এলাকা থেকে ব্রাউন সুগার সহ গ্রেফতার বীরপাড়ার যুবক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : ভাটিবাড়ী এলাকা থেকে ব্রাউন সুগার এবং কফ সিরাপ নিয়ে বাড়ি ফেরার পথে গ্রেপ্তার হয়েছেন আলিপুরদুয়ার বীরপাড়া এলাকার যুবক ঋত্বিক সরকার। সোমবার তাকে আদালতে তোলা হলে আদালত থেকে আলিপুরদুয়ার পুলিশ চার দিনের পুলিশ হেফাজতে নেয় । এমনটাই জানা গেছে সোমবার বিকেল সাড়ে তিনটা নাগাদ আদালত সূত্রে। আলিপুরদুয়ার পুলিশ সূত্রে জানা গেছে ভাটিবাড়ি থেকে ব্রাউন সুগার এবং কফ সিরাপ নিয়ে যাচ্ছিল একটি বাইকে করে রবিবার রাতে। গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে আলিপুরদুয়ার জেলা পুলিশ ওই যুবককে গ্রেফতার করে নো নাই এলাকা থেকে। এরপরেই তাকে থানায় নিয়ে যায়। সোমবার আদালতে তোলার পর তাকে চার দিনের পুলিশ হেফাজতে নেয় জিজ্ঞাসা বাদের জন্য। পুজোর প্রাক্কালে পুলিশের এমন অভিযানকে সাধুবাদ জানিয়েছেন শুভ বুদ্ধি সম্পন্ন মানুষেরা। তবে জেলা শহরের শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ তৎপর হয়ে উঠেছে জানা গেছে প্রশাসনিক সূত্রে।

# নয় দফা দাবি নিয়ে ডেপুটেশন রায়ডাক গ্রাম পঞ্চায়েতে



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : সোমবার ৯টি দাবিতে কুমারগ্রাম ব্লকের রায়ডাক গ্রাম পঞ্চায়েতের প্রধানকে ডেপুটেশন দিল বাম শ্রমিক সংগঠন সিআইটিইউ। ১০০ দিনের কাজ চালু, ১০০ দিনের কাজের বকেয়া মজুরি প্রদান, চা শ্রমিকদের নূন্যতম মজুরি প্রদান, বনবস্তিবাসীদের পাট্টা ও খতিয়ান তাদের নামে করার মতো ৯টি দাবি জানানো হয়। গ্রাম পঞ্চায়েত অফিসের সমানে বিক্ষোভ কর্মসূচির পর প্রধান ময়ূরী মিঞ্জের হাতে দাবিপত্রটি তুলে দেন সিআইটিইউ নেতৃত্ব। উপস্থিত ছিলেন সিআইটিইউ'র আলিপুরদুয়ার জেলা সভাপতি বিদ্যুৎ গুন সহ অন্যরা। গ্রাম পঞ্চায়েতের তরফে দাবি গুলি খতিয়ে দেখার আশ্বাস দেওয়া হয়েছে।

# একাধিক দাবি নিয়ে বিডিওকে ডেপুটেশন সিপিআইএমের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : বিভিন্ন দাবি দাওয়া নিয়ে সোমবার সিপিআইএম এর পক্ষ থেকে কালচিনি ব্লক অফিসে ডেপুটেশন প্রদান করা হল। শীঘ্র একশ দিনের কাজ শুরু, আবাস যোজনায় দুর্নীতি বন্ধ, গরীবদের আবাস যোজনা ঘর প্রদান সহ একাধিক দাবিতে এদিন সিপিআইএম এর পক্ষ থেকে কালচিনি বিডিও অফিসে ডেপুটেশন প্রদান করা হয়। এদিনের ডেপুটেশন কর্মসূচিতে কালচিনি ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে সিপিআইএম কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।

# ডিআইজি কুমারগ্রাম থানা পরিদর্শন করলেন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : সোমবার কুমারগ্রাম থানা পরিদর্শন করলেন জলপাইগুড়ি রেঞ্জের ডিআইজি নীম্বলকর সন্তোষ উত্তমরাও। এদিন সকালের দিকে ডিআইজি থানায় আসেন। তাঁর সঙ্গে ছিলেন আলিপুরদুয়ারের পুলিশ সুপার ওয়াই রঘুবংশী, অতিরিক্ত পুলিশ সুপার অসীম খান, আলিপুরদুয়ারের এসডিপিও শ্রীনিবাস এম পি প্রমুখ পুলিশ আধিকারিকরা। এদিন থানা পরিদর্শনে এসে সবদিক খতিয়ে দেখেন ডিআইজি। তিনি কথা বলেন থানার আধিকারিকদের সঙ্গে। পরিদর্শন শেষে বিকেল নাগাদ ডিআইজি আলিপুরদুয়ারের দিকে রওনা হন। কুমারগ্রাম থানার পরিকাঠামো, পরিষেবা থেকে শুরু করে সমস্ত বিষয় এদিন খতিয়ে দেখেন ডিআইজি নীম্বলকর সন্তোষ উত্তমরাও।

# সরকারি অফিসে যাওয়ার যাতায়াতের রাস্তা নেই




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : অবর বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে যাওয়ার মত কোনরকম রাস্তা নেই। দপ্তরের সামনেই জঙ্গলে একাকার হয়ে আছে এমনটাই দেখা গেল সোমবার বিকেল পাঁচটা নাগাদ আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েতের শামুকতলা জুনিয়র বেসিক স্কুল সংলগ্ন অপর বিদ্যালয় পরিদর্শকের করণের সামনে। প্রায় চার মাস আগে বিদ্যাসাগর ভবনের উদ্বোধন হয়েছে কিন্তু এখনো যাতায়াতের রাস্তা নেই। কবে তৈরি হবে রাস্তা বিদ্যাসাগর ভবনে যাওয়ার জন্য তাই নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে এলাকার বাসিন্দাদের মনে। তাছাড়া এই অফিসের সামনেই জঙ্গলে একাকার হয়ে আছে।

# নাবালিকা ধর্ষণে গ্রেফতার হাতুড়ে ডাক্তার এবং কবিরাজ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠেছে তিনজনের বিরুদ্ধে। পুলিশ দুজনকে গ্রেফতার করেছে। সোমবার অভিযুক্ত দুজনকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক তাদের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন এমনটাই জানা গেছে আদালত সূত্রে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। কুমারগ্রাম থানা এলাকায় এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠেছে এক তান্ত্রিক সহ দুজনের বিরুদ্ধে। গত রবিবার অভিযোগ দায়ের হওয়ার পরই পুলিশ দুজনকে গ্রেফতার করেছে। সোমবার তাদের আদালতে পাঠানো হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে একজন হাতুড়ে ডাক্তার এবং অপর এক তান্ত্রিক কে গ্রেফতার করে পুলিশ। তৃতীয় জন গা ঢাকা দিয়েছে। কোচবিহার জেলার বাসিন্দা আমিনুর আহমেদ কে গ্রেপ্তার করা হয়েছে তিনি হাতুড়ে ডাক্তার । অন্যদিকে কুমার গ্রামের বাসিন্দা বিপুল রায় গ্রেপ্তার হয়েছেন। তিনি তান্ত্রিক বলে পরিচিত।

# অবহেলায় নষ্ট হচ্ছে কোটি টাকার চারা গাছ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ সেপ্টেম্বর : যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে সবুজ শ্রী প্রকল্পের দেওয়া চারা গাছ নষ্ট হচ্ছে এমনটাই দেখা গেল হাসপাতালে গিয়ে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। একটি গাছ একটি প্রাণ, গাছ লাগান দেশ বাঁচান । যখন এই শ্লোগান উঠছে স্কুল কলেজের ছাত্র ছাত্রী থেকে শুরু করে প্রশাসনিক আধিকারিকদের মুখ থেকে ঠিক সেই সময়ে অযত্নে অবহেলায় নষ্ট হয়ে যাচ্ছে যশোডাঙ্গা হাসপাতালে রাখা সবুজ শ্রী প্রকল্পের চারা গাছগুলো। সদ্যোজাত শিশুর জন্মানোর পর মায়ের হাতে দেওয়া হয় এই চারা গাছ।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |